# AKASHVANI(AIR)
## RNU: KOLKATA
## Bengali Text Bulletin

**Date 30-06 2026** **Time: 1.30 PM**

বিশেষ বিশেষ খবরঃ-

১। ইউরোব্যাংক, গ্রিস থেকে ভারতে আন্তঃসীমান্ত অর্থ স্থানান্তরের জন্য ইউ পি আই ভিত্তিক রেমিট্যান্স পরিষেবা চালু করেছে।

২। উপকূলরক্ষী বাহিনীর জাহাজ সচেত, ম্যাঙ্গালুরু উপকূলের কাছে ভারতীয় মাছ ধরার নৌকা মঞ্জু মাথা থেকে ছ'জন মত্যসজীবিকে উদ্ধার করেছে।

৩। অপারেশন আমিস্তাদের আওতায় ভূমিকম্প-বিধ্বস্ত ভেনেজুয়েলায় ভারতীয় সেনাবাহিনী ক্ষতিগ্রস্ত মানুষদের জরুরি চিকিৎসা সেবা প্রদানে একটি ফিল্ড হাসপাতাল তৈরি করেছে।

৪। আফগানিস্তানের পাকতিয়া, পাকতিকা ও কুনার প্রদেশে পাকিস্তানের বিমান হামলার ঘটনায় বেশ কয়েকজন বিশ্বনেতা ও আন্তর্জাতিক সম্প্রদায় নিন্দা জানিয়েছে।

৫। ফিফা ফুটবল বিশ্বকাপের রাউন্ড অফ ৩২ থেকে জার্মানি, নেদারল্যান্ডস, জাপান বিদায় নিয়েছে।

oooooooooooooooooooooo

ইউরোব্যাংক, গ্রিস থেকে ভারতে আন্তঃসীমান্ত অর্থ স্থানান্তরের জন্য ইউ পি আই ভিত্তিক রেমিট্যান্স পরিষেবা চালু করেছে। এই উদ্যোগটি ন্যাশনাল পেমেন্টস কর্পোরেশন অফ ইন্ডিয় NPCI ইন্টারন্যাশনাল পেমেন্টস লিমিটেডের সঙ্গে ব্যাংকের কৌশলগত সহযোগিতার একটি অংশ।

সামাজিক মাধ্যমের এক পোস্টে বাণিজ্য ও শিল্পমন্ত্রী পীযূষ গোয়েল জানিয়েছেন যে, ইউরোব্যাংকে এই পরিষেবা চালু হওয়ায়, ভারতের ডিজিটাল পেমেন্ট ব্যবস্থার বিশ্বব্যাপী সম্প্রসারণের ক্ষেত্রে আরও একটি গুরুত্বপূর্ণ মাইলফলক। তিনি আরও

বলেন, গ্রিসে ইউ পি আই পরিষেবা চালু হওয়ায় যোগ্য গ্রাহকরা এখন তাৎক্ষণিকভাবে, নিরাপদে ও সহজে অর্থ স্থানান্তর করতে পারবেন এবং এর ফলে লেনদেনের খরচ প্রথাগত পদ্ধতির তুলনায় অনেক কম হবে। শ্রী গোয়েল বলেন, বিশ্বজুড়ে ইউপিআই-এর ক্রমবর্ধমান গ্রহণযোগ্যতা ও প্রশংসা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর দৃষ্টিভঙ্গির প্রতি আস্থারই প্রতিফলন।

শ্রী গোয়েল গ্রিসে ইউরোব্যাংকের সি ই ও ফোকিওন কারাভিয়াসের সঙ্গেও সাক্ষাৎ করেন। বৈঠকে উভয় নেতা ভারত ও গ্রিসের মধ্যে অর্থনৈতিক অংশীদারিত্ব সম্প্রসারণ নিয়ে আলোচনা করেন এবং গ্রিসের ব্যবসায়ীদের ভারতে বিনিয়োগে উৎসাহিত করেন।

oooooooooooooooooooo

সরকার, পেট্রোল ও ডিজেলের বিক্রি এবং সরবরাহের ওপর জারী সাময়িক বিধিনিষেধ, প্রত্যাহার করে নিয়েছে। পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রক জানিয়েছে, রাষ্ট্রায়ত্ত্ব তেল কোম্পানীর খুচরো আউটলেটের মাধ্যমে বিক্রি হওয়া মোটর স্পিরিট এবং হাই স্পীড ডিজেলের ওপর থেকে সাময়িক এই বিধিনিষেধ তুলে নেওয়া হচ্ছে। আগামীকাল অর্থাৎ পয়লা জুলাই থেকে নির্দেশিকা কার্যকর হবে।

মন্ত্রক এক বিবৃতিতে জানিয়েছে, পশ্চিম এশিয়ায় উদ্ভূত সঙ্কটের কারণে আন্তর্জাতিক বাজারে তেলের দাম ব্যপক বৃদ্ধি পাওয়ায়, দেশের খুচরো বাজারে তেলের দাম নিয়ন্ত্রণে রাখতে সরকার চলতি মাসের ১২ তারিখ বিধিনিষেধ জারী করে। এর অধীনে প্রত্যেক গ্রাহক বা গাড়ীর ক্ষেত্রে হাই স্পীড ডিজেলের পরিমাণ প্রতিদিন সর্বোচ্চ ২শো লিটার বেঁধে দেওয়া হয়েছিল।

তবে দেশে পেট্রোলিয়ামজাত পণ্যের বর্তমান সরবরাহ পরিস্থিতির প্রেক্ষিতে এই নিষেধাজ্ঞার আর প্রয়োজন নেই বলে জানানো হয়েছে ।

ooooooooooooooooooo

কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী শিবরাজ সিং চৌহান জোরের সঙ্গে বলেছেন যে, কৃষি ক্ষেত্রের উন্নয়ন ছাড়া বিকশিত ভারতের লক্ষ্য অর্জন করা সম্ভব নয়।

হরিয়ানার হিসারে আয়োজিত খেত বাঁচাও অভিযানের সমাপ্তি অনুষ্ঠানে ভাষণ দেওয়ার সময় শ্রী চৌহান জানান, সরকার এমন একটি মোবাইল অ্যাপ তৈরির কাজ করছে যাতে মাটি এবং মাটিতে কী পরিমাণ সার প্রয়োজন, সংক্রান্ত তথ্য প্রদান করবে। তিনি কৃষকদের মাটির গুণমান ও স্বাস্থ্য বজায় রাখার লক্ষ্যে জমিতে সার ও কীটনাশক সুষমভাবে ব্যবহারের আহ্বান জানান। পাশাপাশি, তিনি কৃষকদের জৈব চাষ পদ্ধতি গ্রহণের পরামর্শও দেন।

(বাইট - শিবরাজ সিং চৌহান)

ভাষণকালে শ্রী চৌহান উল্লেখ করেন যে, এল নিনোর প্রভাবে বৃষ্টিপাত কম হওয়ার বিষয়টি কীভাবে সামাল দেওয়া যায়, সরকার তা খতিয়ে দেখছে। এছাড়া, ভারতের কৃষি ক্ষেত্রের বিপ্লব ঘটানো এবং দেশের খাদ্যশস্যের মজুত পর্যাপ্ত রাখার ক্ষেত্রে হরিয়ানার কৃষকদের অবদানের জন্য তিনি তাঁদের ভূয়সী প্রশংসা করেন।

oooooooooooooooooooooo

ভারতীয় উপকূলরক্ষী বাহিনীর জাহাজ সচেত, ম্যাঙ্গালুরু উপকূলের কাছে ভারতীয় মাছ ধরার নৌকা মঞ্জু মাথা থেকে ছ'জন মত্যসজীবিকে উদ্ধার করেছে। উপকূলরক্ষী বাহিনী সামাজিক মাধ্যমের এক পোস্টে জানিয়েছে, গতকাল উত্তাল সমুদ্রে নৌকাটি ক্ষতিগ্রস্ত হয়ে ভেতরে জল ঢুকে পড়ায় তাঁরা লাইফ জ্যাকেট ব্যবহার করে সমুদ্রে ভেসে থাকে। এই অবস্থায় তাঁদের উদ্ধার করা হয়। উপকূলরক্ষী বাহিনী আরও জানিয়েছে যে, উদ্ধার করা মত্যসজীবিদের প্রয়োজনীয় সহায়তা প্রদান করে নিউ ম্যাঙ্গালুরুতে নিয়ে আসা হচ্ছে।

oooooooooooooooooooooo

সেনাপ্রধান জেনারেল উপেন্দ্র দ্বিবেদী বলেছেন যে, ভারতীয় সেনাবাহিনী কোনো একক ব্যক্তির কাছ থেকে নয়, বরং সৈনিক, কমান্ডার, প্রবীণ সেনা সদস্য, তাঁদের পরিবারবর্গ এবং দেশের নাগরিকদের অটল আস্থার ওপর ভিত্তি করেই শক্তি অর্জন করে।

আজ নতুন দিল্লিতে সেনাপ্রধানের দায়িত্ব হস্তান্তরের সময় জেনারেল দ্বিবেদী এ কথা বলেন। তিনি জোর দিয়ে বলেন যে, চার দশকেরও বেশি সময় ধরে ভারতীয় সেনাবাহিনীতে সেবা করতে পারা তাঁর জন্য ছিল পরম সৌভাগ্যের বিষয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০

অপারেশন আমিস্তাদের আওতায় ভূমিকম্প-বিধ্বস্ত ভেনেজুয়েলায় ভারত তার মানবিক সহায়তা প্রদান জোরদার করেছে। ভেনেজুয়েলার কারাকাসে ভারতীয় দূতাবাসে সামাজিক মাধ্যমের এক পোস্টে জানিয়েছে, ভারতীয় সেনাবাহিনীর একটি দল ক্ষতিগ্রস্ত মানুষদের জরুরি চিকিৎসা সেবা প্রদানে একটি ফিল্ড হাসপাতাল স্থাপন করেছে।

উল্লেখ্য, গত ২৪ জুন ভেনেজুয়েলার মধ্য-উত্তরাঞ্চলে পরপর কয়েকটি ভয়াবহ ভূমিকম্পে অন্তত ১ হাজার ৭ শ ১৯ জন মানুষ প্রাণ হারিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০

ঐতিহাসিক হুল দিবস আজ। মহাবিদ্রোহের আগে ১৮৫৫-এ ঔপনিবেশিক শাসন ও দেশের জমিদার, মহাজনদের অত্যাচারের বিরুদ্ধে আজকের দিনে সিধু ও কানহু মূর্মুর নেতৃত্বে সশস্ত্র সাঁওতাল বিদ্রোহ সংগঠিত হয়েছিল। তারই স্মরণে দিনটি উদযাপিত হচ্ছে।

হুল দিবসে রাষ্ট্রপতি দ্রৌপদী মূর্মূ, সিধু কানহু, চাঁদ ভৈরব, ফুলো ঝানো এবং অসংখ্য সাওঁতাল সংগ্রামীদের আত্মত্যাগকে স্মরণ করেছেন। সামাজিক মাধ্যমের এক বার্তায় রাষ্ট্রপতি বলেন, অত্যাচারের হাট থেকে রক্ষা করতে এবং নিজেদের পরিচিতি গড়ে তুলতে এই আন্দোনকারীরা ঐতিহাসিক লড়াই সংগঠিত করেছিলেন। তাদের শৌর্য ও বীরত্ব আগামীদিনে দেশবাসীকে অনুপ্রেরণা জোগাবে।

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহও আজ শহীদ সাঁওতাল সংগ্রামীদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করেছেন। এক পোষ্টে তিনি বলেন, মাতৃভূমি এবং পরিচিতি রক্ষার দাবিতে এই আন্দোলন, মানুষের মনে স্বাধীনতার চেতনাকে জাগ্রত করবে।

ঝাড়খণ্ডের সাহিবগঞ্জ জেলার ভগনা দিহ গ্রামে এই উপলক্ষে সাওতাল হুল বিদ্রহের অমর শহীদ – সিধু, কানহু, চাঁদ, ভইরব, ফুলো ও ঝানোওর স্মৃতিতে বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

পশ্চিমবঙ্গে সকালে ভিক্টোরিয়া মেমোরিয়াল ও ভারতীয় জাদুঘরে দুটি সংস্কৃতিক অনুষ্ঠান ও কর্মশালায় অংশ নিয়েছেন বাঁকুড়া পুরুলিয়ার আদিবাসী শিল্পীরা। এছাড়া কলকাতা বিশ্ববিদ্যালয়ের দক্ষিণ কলকাতার বালিগঞ্জের দ্বিতীয় ক্যাম্পাসেও হুল দিবস উদযাপন উপলক্ষে আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

এদিকে, মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আজ হুদিবসে রাজ্য সরকারী অনুষ্ঠানে যোগ দিতে বাঁকুড়ার মুকুট মণিপুর যাচ্ছেন।

oooooooooooooooooooo

জুন মাস ছানি নিবারণ মাস হিসেবে চিহ্নিত। ছানি জনিত সমস্যা ও তার প্রতিকার এবং সার্বিকভাবে চক্ষুরোগ ও তার চিকিৎসা নিয়ে আজকের প্রসঙ্গে এবারে বিশেষ আলোচনা - চোখের আলোয়। চক্ষুরোগ বিশেষজ্ঞ ডাক্তার ভাস্কর মুখার্জীর সঙ্গে কথা বলেছেন সুস্মিতা মন্ডল।

আকাশবাণী কলকাতার সংবাদ বিভাগ প্রযোজিত এই অনুষ্ঠানের দ্বিতীয় ও শেষ পর্ব সম্প্রচারিত হবে আজ (৩০শে জুন,) রাত ৮টায়, গীতাঞ্জলি প্রচারতরঙ্গে। DTH পরিষেবা ও আমাদের সোশ্যাল মিডিয়াতেও এটি শোনা যাবে।

oooooooooooooooooooooo

ভারত, আফগান ভূখণ্ডে পাকিস্তানের বিমান হামলার তীব্র প্রতিবাদ জানিয়েছে। হামলার ঘটনায় বেশ কয়েকজন বিশ্বনেতা ও আন্তর্জাতিক সম্প্রদায় নিন্দা জানিয়েছে।

বিদেশমন্ত্রকের এক মুখপাত্র জানিয়েছেন যে এই ধরণের আচরণ শুধু যে আফগানিস্তানের সার্বভৌমত্বের ওপরে সরাসরি আঘাত হানা তাই নয়, আঞ্চলিক শান্তি ও স্থিতিশীলতার পক্ষেও তা চরম হুমকি স্বরূপ।

রাষ্ট্রসংঘের মহাসচিব আন্তোনিও গুতেরেস এই ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করে অবিলম্বে সংঘর্ষ বন্ধের আহ্বান জানান।

ইউরোপীয় ইউনিয়নও অবিলম্বে উত্তেজনা প্রশমন ও সংযম প্রদর্শনের আহ্বান জানিয়েছে। তারা অসামরিক নাগরিকদের সুরক্ষা এবং আন্তর্জাতিক মানবিক আইনের প্রতি শ্রদ্ধাশীল হওয়ার ওপর জোর দিয়েছে।

আফগানিস্তানের পাকতিয়া, পাকতিকা ও কুনার প্রদেশে পাকিস্তানের বিমান এই হামলায় নারী ও শিশুসহ বেশ কয়েকজন সাধারণ নাগরিকের হতাহতের খবর পাওয়া গেছে। তালিবান সরকারের মুখপাত্র হামদুল্লাহ ফিতরাত জানিয়েছেন যে ২৮ জুন রাতে, ওই বিমান হামলায় ৩৬ জন অসামরিক নাগরিক নিহত ও ১৬৩ জন আহত হন এবং তিনটি আবাসিক বাড়ি সম্পূর্ণ ধ্বংস হয়ে যায়।

গতকাল আফগান বিদেশ মন্ত্রক কাবুলে নিযুক্ত পাকিস্তানের দূতাবাসের ভারপ্রাপ্ত প্রধানকে ডেকে পাঠায়। মন্ত্রক আফগানিস্তানের আকাশসীমা লঙ্ঘন এবং কুনার, পাকতিয়া ও পাকতিকা প্রদেশে অসামরিক বাড়িঘরে বিমান হামলার বিষয়ে তীব্র প্রতিবাদ জানিয়েছে।

oooooooooooooooooooooo

পশ্চিম এশিয়ায় উত্তেজনা কমানোর লক্ষ্যে কূটনৈতিক প্রচেষ্টা শুরুর আগেই বাধার মুখে পড়েছে। কারণ দোহায় পরবর্তী পর্যায়ের আলোচনা নিয়ে মার্কিন যুক্তরাষ্ট্র ও ইরান পরস্পরবিরোধী বক্তব্য দিয়েছে।

দোহায় নতুন করে আলোচনার সম্ভাবনার কথা মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প উল্লেখ করার পর মার্কিন যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে সম্পর্কের ভবিষ্যৎ নিয়ে অনিশ্চয়তা তৈরি হয়েছে। তবে তেহরান এই দাবি প্রত্যাখ্যান করে জানিয়েছে যে, মার্কিন যুক্তরাষ্ট্রের সঙ্গে আলোচনার কোনো পরিকল্পনা বর্তমানে তাদের

নেই। ইরান কোনো চূড়ান্ত চুক্তি নিয়ে আলোচনার আগে তাদের চোদ্দ দফা সমঝোতা স্মারক বাস্তবায়ন করার বিষয়ে জোর দিয়েছে।

oooooooooooooooooooo

২০২৬ ফিফা ফুটবল বিশ্বকাপের রাউন্ড অফ ৩২ থেকে জার্মানি বিদায় নিয়েছে। বোস্টনে অনুষ্ঠিত ম্যাচে অতিরিক্ত সময় শেষে ১-১ সমতায় শেষ হওয়ার পর, পেনাল্টি শুটআউটে প্যারাগুয়ের কাছে ৪-৩ ব্যবধানে হেরে তারা টুর্নামেন্ট থেকে ছিটকে পড়ে। বিশ্বকাপে এটিই জার্মানির পেনাল্টি শুটআউটে প্রথম পরাজয়। এই জয়ের মাধ্যমে প্যারাগুয়ে বিশ্বকাপের রাউন্ড অফ ১৬-এ পৌঁছে গেল।

আরও তিনটি দল প্রতিযোগিতা থেকে বিদায় নিয়েছে। নেদারল্যান্ডস, জাপান ও জার্মানিকে যথাক্রমে হারিয়ে মরক্কো, ব্রাজিল ও প্যারাগুয়ে 'রাউন্ড অফ ১৬'-এ নিজেদের জায়গা করে নিয়েছে।

oooooooooooooooooooo

ooooooooooooooooooo